

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.১৮-১০২

তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় হিসাব সহকারী হিসেবে আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক সকল ব্যয় নির্বাহ করার নির্দেশনা রয়েছে। তদুপরি আপনি আপনার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করে উক্ত উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি বিধান বহির্ভূতভাবে ঋণ তহবিল অবক্ষয় করে ৬৬২১০৬.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার একশত ছয়) টাকা বেতনভাতা বাবদ ব্যয় করেছেন। তন্মধ্যে আপনি নিজে আয় না থাকা সত্ত্বেও ১০৮৭৯৬.০০ (এক লক্ষ আটহাজার সাতশত ছিয়ানব্বই) টাকা বেতনভাতা বাবদ উত্তোলন করেছেন। তাছাড়া হিসাব সংক্রান্ত রেজিস্ট্রার ও নথিপত্র যথাযথভাবে হালনাগাদ/ সংরক্ষণ করেননি।

এমতাবস্থায়, আর্থিক বিধি বিধান বহির্ভূতভাবে ঋণ তহবিল অবক্ষয় করে কর্মরত জনবলের বিপরীতে বেতনভাতা পরিশোধ করার ক্ষেত্রে সহযোগিতা প্রদান করাসহ আপনি নিজেও বেতনভাতার অর্থ উত্তোলন করায় কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঙ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মোঃ আসাদুজ্জামান
হিসাব সহকারী
মেহেন্দীগঞ্জ, বরিশাল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল।
৫. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।